



নং ডি. আর- ৪১৯ (৬২)

তারিখ: ০৬ ফেব্রুয়ারী, ২০১৬


২০১৫-১৬ শিক্ষাবর্ষের নবাগত ছাত্র/ছাত্রীদের জন্য বিজ্ঞপ্তি

মেধা, অধ্যবসায় ও শ্রমের ফলস্বরূপ এবং এক তীব্র প্রতিযোগিতামূলক ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বুয়েটে ভর্তির যোগ্যতা অর্জন করায় ২০১৫-১৬ শিক্ষাবর্ষের নবাগত ছাত্র/ছাত্রীদের আমি অভিনন্দন জানাই। এই শিক্ষাবর্ষের ছাত্র/ছাত্রীসহ বুয়েটের অন্যান্য ছাত্র/ছাত্রীদের ক্লাশ আগামী ২৭ ফেব্রুয়ারী, ২০১৬ তারিখ শনিবার শুরু হবে।

বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী প্রত্যেক ছাত্র/ছাত্রীকে কোন একটি আবাসিক হলে সংযুক্ত হতে হয়। বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহে সীটের তীব্র সংকটের কারণে প্রথমবর্ষের ছাত্র/ছাত্রীদের ক্লাশ এর শুরুতে হলে সীট দেয়া সম্ভব হবে না। স্থান স্বল্পতার কারণে কোন হলেই সাময়িকভাবে আবাসন ব্যবস্থা করাও সম্ভব হবে না। এমতাবস্থায়, সকল নবাগত ছাত্র/ছাত্রীদেরকে নিজ নিজ ব্যবস্থাপনায় বুয়েট ক্যাম্পাসের বাহিরে থেকে পড়াশুনার পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে পরামর্শ দেয়া যাচ্ছে। তবে, পর্যায়ক্রমে সীট খালি হওয়া সাপেক্ষে নবাগত ছাত্র/ছাত্রীদের জন্য প্রয়োজন মোতাবেক সীট দেয়ার চেষ্টা আমাদের তরফ থেকে অব্যাহত থাকবে। হলে সংযুক্তি ও অন্যান্য কার্যক্রম সম্পন্ন করার জন্য আগামী ২৩ ও ২৪ ফেব্রুয়ারী ২০১৬ তারিখ সকাল ৯:৩০ মিনিটে সংশ্লিষ্ট হল প্রভোস্ট এর সাথে সাক্ষাৎকারের জন্য উপস্থিত হতে হবে। হলে সংযুক্তির জন্য ৳ ৫২০০/- (পাঁচ হাজার দুইশত) টাকা এবং আবাসিক হিসাবে ভর্তির জন্য একমাসের মেসচার্জ সহ ৳ ১১৭০০/- (এগার হাজার সাতশত) টাকার (শুধুমাত্র ছাত্রী হলের জন্য ৳ ১১৮০০/-) প্রয়োজন হবে।

উক্ত তারিখে হল অফিস থেকে সংযুক্তি/ ভর্তির ফিস জমা দেয়ার রশিদ সংগ্রহ করে একই হলে অবস্থিত টাকা জমা নেয়ার বুথে টাকা জমা দিতে হবে। জমা রশিদের সংশ্লিষ্ট অংশ হল অফিসে জমা দিয়ে কোর্স রেজিস্ট্রেশন করার জন্য নির্দিষ্ট আইডি, পাসওয়ার্ড ও ই-কোর্স রেজিস্ট্রেশনের বিষয়ে নির্দেশিকা সংগ্রহ করতে হবে। এই আইডি ও পাসওয়ার্ড নিয়ে নিজ বিভাগে যোগাযোগ করে ই-কোর্স রেজিস্ট্রেশনের আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে হবে। উপদেষ্টা হিসাবে মনোনীত নিজ বিভাগের একজন সম্মানিত শিক্ষক কোর্স রেজিস্ট্রেশনসহ একাডেমিক সকল বিষয়ে সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীকে প্রয়োজনীয় সহায়তা/পরামর্শ প্রদান করবেন। উল্লেখ্য যে, হলে ভর্তির সময় প্রত্যেক ছাত্র/ছাত্রীকে তার অভিভাবক ও স্থানীয় অভিভাবকের ছবি ও টেলিফোন/ মোবাইল নাম্বার অবশ্যই জমা দিতে হবে।

বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহের তত্ত্বাবধান, ছাত্র-ছাত্রীদের শারীরিক ও মানসিক উৎকর্ষের জন্য খেলাধুলা, শরীরচর্চা, সাংস্কৃতিক অনুষ্ঠান প্রভৃতি সহপাঠ্য কার্যক্রম আয়োজন ও পরিচালনা এবং ছাত্র-ছাত্রীদের চিকিৎসা সুবিধা প্রদানের দায়িত্ব ছাত্রকল্যাণ পরিদপ্তরের উপর ন্যস্ত। ছাত্র-ছাত্রীদেরকে উপযুক্ত প্রকৌশলী/ স্থপতি/ পরিকল্পনাবিদ, সর্বোপরি একজন সুনামগরিক ও পরিপূর্ণ মানুষরূপে গড়ে তুলতে সকল প্রকার সহযোগিতা করার জন্য ছাত্রকল্যাণ পরিদপ্তর সব সময় প্রস্তুত। আশা করি এসব সুযোগ সুবিধার সদ্ব্যবহারে সকল নবাগত ছাত্র/ছাত্রীরা এগিয়ে আসবে।


(অধ্যাপক ড. মো. দেলোয়ার হোসেন)
ছাত্রকল্যাণ পরিচালক

বিতরণঃ

- ১) সকল ডীন মহোদয়, বা. প্র. বি, ঢাকা।
- ২) সকল বিভাগীয় প্রধান, বা. প্র. বি, ঢাকা।
- ৩) সকল হল প্রভোস্ট, বা. প্র. বি, ঢাকা।
- ৪) পরিচালক, আই.আই.সি.টি, বা. প্র. বি, ঢাকা। বিশ্ববিদ্যালয়ে ওয়েব সাইটে দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য।

all teachers